



## জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
ওয়েবসাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)

স্মারক নম্বর-৫৫.১২.০০০০.১০৪.১৮.০১০.২৩.১১৩৫

তারিখঃ ০৭/১১/২০২৩খ্রি:

### নিলাম বিজ্ঞপ্তি

জাতীয় মানবাধিকার কমিশনের অকেজো অনেক পুরাতন, নষ্ট, অব্যবহারযোগ্য, মেরামতযোগ্য নহে এমন দ্রব্যসামগ্রী নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রকৃত ফ্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানকে নিজস্ব প্যাডে সীলমোহরকৃত খামে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে ২২/১১/২০২৩ তারিখ, বেলা ১২:০০ ঘটিকার মধ্যে কমিশন প্রধান কার্যালয়ের বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজারে রক্ষিত বাঞ্চে দর দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, একই দিন বেলা ১২:৩০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দাখিলকৃত দর উন্মুক্ত করা হবে।

নিলামে বিক্রয়যোগ্য মালামালসমূহ কমিশনের কার্যালয়ে রক্ষিত আছে। মালামালগুলো অফিস চলাকালীন সময়ে সরেজমিনে দেখা যাবে এবং উপপরিচালক (প্রশাসন ও অর্থ) নিকট হতে এতদসংক্রান্ত সকল তথ্য জানা যাবে। নিলামে বিক্রয়যোগ্য মালামালের তালিকা কমিশনের নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে দেয়া থাকবে।

১. এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে আগামী ২১/১১/২০২৩ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সরেজমিনে দেখা যাবে;
২. আগ্রহী প্রতিষ্ঠানকে দর দাখিলের সময় একক মূল্য ও মোট মূল্য নিজস্ব প্যাডে দাখিল করতে হবে। সর্বোচ্চ দরদাতার নিকট মালামাল বিক্রয় করা হবে।
৩. দাখিলকৃত দরদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃত দরের ১০% জামানত পে-অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) জাতীয় মানবাধিকার কমিশন বরাবর জমা দিতে হবে;
৪. নির্বাচিত ১ম সর্বোচ্চ দরদাতাকে অফিস আদেশ দেয়ার ২ (দুই) দিনের মধ্যে উদ্ধৃত টাকা সরকারি কোষাগারে/ট্রেজারি চালানোর মাধ্যমে জমা দিতে হবে;
৫. অফিস আদেশ অনুযায়ী নির্দিষ্ট সময়ের মধ্যে মালামালসমূহ গ্রহণের নিমিত্ত উদ্ধৃত টাকা সরকারি কোষাগারে/ট্রেজারি চালানোর মাধ্যমে জমা না দিলে দরপত্রের সাথে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে;
৬. নির্বাচিত দরদাতাকে নির্ধারিত সময়ের মধ্যে নিজ দায়িত্বে মালামাল সংগ্রহ করতে হবে অন্যথায় তার জমাকৃত উদ্ধৃত টাকা বাজেয়াপ্ত করা হবে;
৭. দাখিলকৃত দরদাতা প্রতিষ্ঠানকে দর দাখিলের সময় হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর সনদ দাখিল করতে হবে; এবং
৮. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দর গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

মোঃ জামাল উদ্দিন

উপপরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ৫৫৫০১৩৭১৯ (দপ্তর)